# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন
## বিসিআইসি ভবন, ৩০-৩১ দিলকুশা বা/এ, ঢাকা

বিষয়: **উত্তম চর্চার তালিকা।**

| ক্রম | উত্তম চর্চার শিরোনাম | উত্তম চর্চার বিবরণ |
|---|---|---|
| ০১ | ০২ | ০৩ |
| ০১। | দেশব্যাপী সার বিতরণ কার্যক্রম পরিচালনা | কৃষি নির্ভর বাংলাদেশের কৃষি কাজের অপরিহার্য উপাদান ইউরিয়া, টিএসপি ও ডিএপি সার দেশের কৃষকদের মাঝে নিরবচ্ছিন্নভাবে পৌছানোর দায়িত্ব বিসিআইসি সফলতার সাথে পালন করে আসছে। দেশের ৬৪ টি জেলায় ৫৫০০ ডিলারের মাধ্যমে কৃষকের চাহিদা অনুযায়ী নির্দিষ্ট পরিমাণ সার যথাসময়ে কৃষকদের কাছে পৌছানো হয়। দেশের প্রত্যন্ত অঞ্চলে যথাসময়ে কৃষক পর্যায়ে সার বিতরণ নিশ্চিতকল্পে ০৮টি সার কারখানা ও দেশের বিভিন্ন অঞ্চলে বিসিআইসি কতৃর্ক পরিচালিত বাফার গুদামের মাধ্যমে সার বিতরণ করা হচ্ছে। সংস্থার উচ্চ পর্যায় থেকে মাঠ পর্যায়ে পর্যন্ত কর্মকর্তাদের নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে এই কার্যক্রম দীর্ঘদিন থেকে সফলতার সাথে পরিচালিত হচ্ছে। |
| ০২। | মানবসম্পদ উন্নয়ন এবং কারিগরী সহায়তা সার্ভিস প্রদান | দেশের বিশাল জনশক্তিকে জনসম্পদে পরিণত করার লক্ষ্যে সংস্থাধীন ট্রেনিং ইন্সটিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই) নামে একটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান চালু আছে। এই প্রতিষ্ঠানে সংস্থায় কর্মরতদের জন্য বছরে ৪৮ টি মানোন্নয়ন কোর্স, বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের অনুরোধক্রমে বিশেষ প্রশিক্ষণ কোর্স, বিভিন্ন সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়ের রসায়ন, যন্ত্রকৌশল, তড়িৎকৌশল, পদার্থবিদ্যা ইত্যাদি বিভাগের চাহিদা সাপেক্ষে ৪র্থ বছরের শিক্ষার্থীদের স্ব স্ব বিভাগের জন্য প্রযোজ্য ইন্ডাস্ট্রিয়াল টেকনোলজি বিষয়ে বিশেষ প্রশিক্ষণ কোর্স পরিচালন করা হয়।<br>এছাড়া দেশের সরকারী/বেসরকারী খাতের শিল্প প্রতিষ্ঠানে টিআইসিআই'র অভিজ্ঞ প্রশিক্ষণপ্রাপ্ত প্রকৌশলীগণ টেকনিক্যাল সার্ভিস প্রদানের মাধ্যমে শিল্পায়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছেন। |
| ০৩। | পেশাগত প্রশিক্ষণ প্রদান | সংস্থা তথা দেশের উন্নয়নকল্পে সংস্থায় কর্মরতদের পেশাগত দক্ষতার উন্নতি সাধনে বিসিআইসি কর্তৃক দেশে বিদেশে তাদেরকে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়। এছাড়া দেশের জনশক্তিকে কারিগরী দক্ষতা সম্পন্ন হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সংস্থা কর্তৃক টিআইসিআই'র মাধ্যমে ০১ বছর মেয়াদী (০৩ মাস মেয়াদী তত্ত্বীয় ও সংস্থাধীন বিভিন্ন কারখানার ০৯ মাস মেয়াদী ইন-প্লান্ট) প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ করা হয়। এ প্রশিক্ষণে লব্দ কারিগরী দক্ষতা কাজে লাগিয়ে প্রশিক্ষণার্থীগণ দেশে বিদেশে নিজ নিজ কর্মক্ষেত্রে দক্ষতার স্বাক্ষর রাখছেন। |
| ০৪। | শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা ও শিক্ষাবৃত্তি প্রদান | সোনার বাংলা বিনির্মাণে অন্যতম প্রধান আনুষঙ্গ মানসম্মত শিক্ষা ব্যবস্থার উন্নয়ন। এ লক্ষ্যে সংস্থাধীন প্রতিটি কারখানার নিজস্ব ব্যয়-ব্যবস্থাপনায় সংস্থায় কর্মরতদের সন্তানদের জন্য সাবসিডাইজ রেটে এবং বহিরাগতদের জন্য স্বল্প খরচে উচ্চ মাধ্যমিক পর্যায় পর্যন্ত অধ্যায়নের ব্যবস্থা চালু আছে। এ লক্ষ্যে সংস্থাধীন প্রতিটি কারখানার সাথে একটি করে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালিত হচ্ছে।<br>শিক্ষার্থীদের মানসম্মত অধ্যায়নের ব্যবস্থাপনাকল্পে বেশিরভাগ শিক্ষা উপকরণ সংস্থা/সংশ্লিষ্ট কারখানা থেকে সরবরাহ করা হয়। এছাড়া পাবলিক পরীক্ষায় Outstanding ফলাফলের জন্য শিক্ষার্থীদেরকে এককালীন শিক্ষাবৃত্তি/আর্থিক অনুদান প্রদান করা হয়। |
| ০৫। | নিয়োগ কার্যক্রম | সরকারের বেকারত্ব নিরসন কর্মসূচীর অংশ হিসেবে সংস্থা কর্তৃক জাতীয় বেতন কমিশনের আওতায় কর্মকর্তা ও কর্মচারী এবং জাতীয় মজুরী কমিশনের আওতায় শ্রমিক পর্যায়ে জনবল নিয়োগ করা হয়। সেক্টর কর্পোরেশনসমূহের জনবল নির্বাচনের জন্য সরকার কর্তৃক নির্ধারিত কোন কমিশন/কর্তৃপক্ষ না থাকায় জনবল নির্বাচন ও নিয়োগ সংস্থার জন্য চ্যালেঞ্জিং কার্যক্রমের মধ্যে অন্যতম। এ কার্যক্রম সংস্থা কর্তৃক অত্যন্ত সফলতার সাথে পরিচালনা করা হচ্ছে। অন লাইনে আবেদন গ্রহণের পর BUET/IBA, ঢাকা বিশ্ববিদ্যালয়/BIM এর মাধ্যমে লিখিত পরীক্ষা গ্রহণান্তে উর্ত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে সংস্থার পরিচালক মন্ডলীর সদস্য, শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং বিশেষজ্ঞ সদস্য সমন্বয়ে গঠিত নির্বাচনী বোর্ড কর্তৃক স্বাক্ষাতকার গ্রহণ করে মেধাসহ সরকারী বিধি-বিধানের ভিত্তিতে ন্যূনতম সময়ের মধ্যে চূড়ান্তভাবে নির্বাচিতদেরকে সংস্থার চাকুরীতে নিয়োগ দেওয়া হয়। নিয়োগ চূড়ান্তকরণের প্রাক্কালে সরকারী সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক নির্বাচিতদের অতীত ইতিহাসসহ প্রয়োজনীয় ভেরিফিকেশন এবং ডোপ টেস্টসহ মেডিকেল ফিটনেস টেস্ট সম্পন্ন করা হয়। |

অপর পাতায় দ্রষ্টব্য

# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন
বিসিআইসি ভবন, ৩০-৩১ দিলকুশা বা/এ, ঢাকা



| ক্রম | উত্তম চর্চার শিরোনাম | উত্তম চর্চার বিবরণ |
|---|---|---|
| ০১ | ০২ | ০৩ |
| ০৬। | ই-টেন্ডারিং চালু | সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ের সাথে একাত্ত হয়ে সংস্থার মালামাল ক্রয়ে ই-টেন্ডারিং/ই-জিপি প্রক্রিয়া অনুসরণ করা হচ্ছে। এতে ক্রয় প্রক্রিয়ায় অধিকতর স্বচ্ছতা আনা সম্ভব হয়েছে। |
| ০৭। | কল্যাণমূলক কার্যক্রম | সংস্থায় কর্মরতদের অনধিক ০২ সন্তানের বিবাহের আনুষ্ঠানিকতা সম্পন্নের জন্য জনপ্রতি ৪০,০০০/-, কর্মরতদের অবসর গ্রহণকালে জনপ্রতি ৪০,০০০/- টাকা এবং মৃত্যুবরণকারী কর্মচারীদের দাফন কাফনের জন্য ৪০,০০০/-অনুদান মঞ্জুর করা হয়। |
| ০৮। | অনাপত্তি পত্র ইস্যুকরণ | সংস্থার কর্মচারীদের নিয়োগপূর্ব পুলিশ ভেরিফিকেশনের ভিত্তিতে তাদের আবেদন সাপেক্ষে নিজ নিজ পাসপোর্টের জন্য অনাপত্তিপত্র জারীকরণপূর্বক সংস্থার ওয়েবসাইটে প্রকাশ করা হয়। |
| ০৯। | বিভিন্ন ঋণ মঞ্জুর | সংস্থায় কর্মরতদেরকে জমি ক্রয়/গৃহ নির্মাণ, মটর সাইকেল ক্রয় এবং কল্যান তহবিল থেকে সহজ শর্তে ঋণ প্রদান করা হয়। |
| ১০। | কর্মরতদের জন্য চিকিৎসা সেবা | সংস্থার প্রধান কার্যালয় ও সংস্থাধীন কারখানা/প্রতিষ্ঠানসমূহে কর্মরতদেরকে চিকিৎসা সেবা দেওয়া হয়। এই সেবার আওতায় বিনা মূল্যে ব্যবস্থাপত্র এবং এসেনসিয়াল ড্রাগস লি. কর্তৃক উৎপাদিত ঔষধসহ অন্যান্য জরুরী ঔষধ সরবরাহ করা হয়। এছাড়া কর্মরতদের দূরারোগ্য ব্যাধীর চিকিৎসার জন্য আর্থিক অনুদান প্রদান করা হয়। |